

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ মে' ২০২৪খ্রি.

### উন্নয়নের সাথে একযোগে কাজ করবে চসিক-সিডিএ

চট্টগ্রামের উন্নয়নের স্বার্থে সমন্বয়হীনতা এড়িয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ একযোগে কাজ করবে বলে ঘোষণা দিয়েছেন প্রতিষ্ঠান দুটির শীর্ষ দুই কর্তা।  
বুধবার বিকেলে জাপান থেকে চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী চট্টগ্রামে পৌঁছলে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) নবনিযুক্ত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ ইউনুছ তাকে ফুলেল শুভেচ্ছার মাধ্যমে স্বাগত জানান।  
প্রাণবন্ত আলাপে একান্তরের রণাঙ্গনের এই দুই সৈনিক ঘোষণা দেন চট্টগ্রামকে এগিয়ে নিতে একযোগে কাজ করার।

এসময় চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রামের উন্নয়নের স্বার্থে চসিক এবং সিডিএ'কে যৌথভাবে কাজ করতে হবে। বিশেষ করে নগরীকে জলাবদ্ধতামুক্ত করতে হলে প্রতিষ্ঠান দুটির সমন্বয়ের বিকল্প নেই। এছাড়া সিডিএ যে খাল খনন প্রকল্প করছে তা যথাযথ ব্যবস্থাপনার আওতায় আসলে নগরীর মশাও কমবে।  
"সিডিএ'র নবনিযুক্ত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ ইউনুছকে সাথে নিয়ে খাল খননের মাধ্যমে নগরীর স্বাভাবিক জলপ্রবাহ নিশ্চিত করা থেকে শুরু করে নান্দনিক চট্টগ্রাম নির্মাণ প্রতিটি কাজে আমরা একযোগে কাজ করব। বঙ্গবন্ধুর ডাকে দেশ স্বাধীন করতে দুজন একসাথে লড়েছি। এবার আমাদের লড়াই চট্টগ্রামকে এগিয়ে নেয়ার।"

এসময় সিডিএ'র নবনিযুক্ত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ ইউনুছ বলেন, আমি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখব। চসিক এবং সিডিএ'র মধ্যে কোন দূরত্ব থাকবেনা, সমন্বয়হীনতা থাকবেনা। আমরা দীর্ঘসময় ধরে রাজপথে একত্রে লড়েছি। দু'জনের অভিজ্ঞতা ও আন্তরিকতায় চট্টগ্রাম এগিয়ে যাবে।

এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, ছালেহ আহম্মদ চৌধুরী, নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, মোঃ শাহেদ ইকবাল বাবু, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত বেলাল, নুরুল আলম মিয়া, ওয়াসিম উদ্দিন চৌধুরী, পুলক খাস্তগীর, এসরারুল হক, আতাউল্লা চৌধুরী, মোহাম্মদ ইলিয়াসসহ চসিকের কর্মকর্তাবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮